দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 DEC 2016
পৃষ্ঠা 20 কলাম 2

# ৩১৬ সরকারি মাধ্যমিক স্কুলে সোয়া তিন লাখ আবেদন

● রাজধানীর ৩৮ স্কুলে ভর্তিতে আবেদন ৭২ হাজার
● প্রথম শ্রেণিতে লটারি ২৪ ডিসেম্বর

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী শিক্ষাবর্ষে সারাদেশের ৩১৬টি সরকারি মাধ্যমিক স্কুলে ভর্তির জন্য আবেদন পড়েছে ৩ লাখ ২৭ হাজার। আর এসব স্কুলে আসন রয়েছে ৬৭ হাজার। আর রাজধানীর ৩৮টি মাধ্যমিক স্কুলে আবেদন পড়েছে ৭১ হাজার ১৫টি। আসন রয়েছে ১০ হাজার ৫৯৫টি। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক মোস্তফা কামাল বলেন, সারাদেশে আবেদনের সংখ্যা আরো বাড়বে। স্থানীয়ভাবে এখনো আবেদন গ্রহণ করা হচ্ছে। পহেলা ডিসেম্বর রাত ১২টা ১ মিনিটে সরকারি স্কুলের ভর্তির আবেদনপত্র গ্রহণ করা হয়। শেষ হয় ১২ ডিসেম্বর সোমবার রাত ১১টা ৫৯ মিনিটে।

তথ্য অনুযায়ী, রাজধানী বাদে সারাদেশের সরকারি স্কুলে পৃষ্ঠা ২ কলাম ২

## ৩১৬ সরকারি মাধ্যমিক

২০ পৃষ্ঠার পর

৫৬ হাজার ৪০০টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ২ লাখ ৫৬ হাজার। সারা দেশের ৩৩৫টি সরকারি হাইস্কুলের মধ্যে এ বছর ৩১৬টি স্কুল অনলাইনে ভর্তি কার্যক্রমের আওতায় আনা হয়েছে। বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ না থাকায় বাকি ১৯টি স্কুল অনলাইন আবেদনের বাইরে রয়েছে। এ সব প্রতিষ্ঠানে ম্যানুয়ালি ভর্তি পরীক্ষা নেওয়া হবে।

মাউশি অধিদফতর জানিয়েছে, দ্বিতীয়-নবম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণিতে ভর্তির জন্য লটারির মাধ্যমে ভর্তি করানো হবে।

রাজধানীর ৩৮টি সরকারি হাইস্কুলকে গত বছরের মতো 'ক', 'খ' ও 'গ' এই তিন গ্রুপে ভাগ করা হয়েছে। এর মধ্যে ৩টি স্কুলে ফিডার শাখা রয়েছে। তথ্য অনুযায়ী, 'ক' গ্রুপের ১৩টি স্কুলের ৩ হাজার ৯৯১টি আসনের বিপরীতে ২১ হাজার ৭০২ টি, 'খ' গ্রুপের ১৩টি স্কুলের ২ হাজার ৯৬৯টি আসনের বিপরীতে ২৬ হাজার ৪৯৮টি ও 'গ' গ্রুপের ১২টি স্কুলের ৩ হাজার ৬৩৫টি আসনের বিপরীতে ২২ হাজার ৮১৫টি আবেদন জমা পড়েছে।